গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের নভেম্বর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বেগম মন্নুজান সুফিয়ান<br>প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ৩০ ডিসেম্বর, ২০২১ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়) |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৮০৭৩.০০ লক্ষ (জিওবি ১২৩৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৭২৩.৯৯ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। এডিপি বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ২৬৫৮.২৩ লক্ষ (জিওবি ১১৮৭.০৫ লক্ষ ও প্রকল্প সাহায্য ১৪৭১.১৮ লক্ষ) টাকা, যা বরাদ্দের ১৪.৭১ % (জিওবি ৯.৬২% ও প্রকল্প সাহায্য ২৫.৭১%)। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

**০২. গত সভার এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী অনুমোদন:**

সভায় গত ২৪/১১/২০২১ তারিখে প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত অক্টোবর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। এতে প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি পর্যালোচনার ৩.৬ নং ক্রমিকে প্রকল্পের ভৌত অগ্রগতি ৮৫% এর স্থলে ৫৫% মর্মে সংশ্লিস্ট প্রকল্প পরিচালক সংশোধনী উপস্থাপন করেন । অন্য কোন মন্তব্য বা সংশোধনী না থাকায় উপস্থাপিত সংশোধনীটি গ্রহণ সাপেক্ষে সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি অনুমোদন করা হয়। সভায় উক্ত সভার সিদ্ধান্তের অগ্রগতিসমূহ পর্যালোচনা করা হয় এবং এতে সন্তুষ্টি ব্যক্ত করা হয়।

**০৩. প্রকল্পসমূহের আর্থিক ও ভৌত অগ্রগতি:** সভায় পর্যায়ক্রমে চলমান প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক অগ্রগতি উপস্থাপন করা হয়।

**৩.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:**

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২.৪৭ লক্ষ টাকা যা বরাদ্দের ০.০৮%। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২০১.২৬ লক্ষ টাকা (আর্থিক: ০.৭১%, ভৌত: ৮%)। প্রকল্প পরিচালক সভাকে জানান যে, অধিকাংশ এনজিও ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ সম্পন্ন করেছে এবং জরিপ রিপোর্ট ইতোমধ্যে প্রদান করেছে। তিনি জনবল নিয়োগের বিষয়ে জানান যে, প্রকল্পের ডিপিপিতে অনুমোদিত জনবলের আংশিক নিয়োগ প্রদান করা হয়েছে। এ

সংক্রান্ত একটি মামলা নিষ্পত্তি সাপেক্ষে বাকি জনবল নিয়োগ করা হবে। সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের এএমএস ডাটাবেজ/আইবাস ++ আপডেট রাখার বিষয়ে প্রকল্প পরিচালক-কে অনুরোধ করেন। সভাপতি মহোদয় প্রকল্পের পিআইসি ও পিএসসি সভাসমূহ ডিপিপির বিধানমতে নির্ধারিত সময়ে আয়োজনের উপর গরুত্বারোপ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**৩.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদের জরিপ সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং তা সার্বক্ষণিক তদারকি করতে হবে;

খ. প্রকল্পের জনবল দ্রুত নিয়োগ প্রদান করে কর্মপরিকল্পনা অনুযায়ী দ্রুত মূল কার্যক্রম শুরু করতে হবে;

গ. পিআইসি ও পিএসসি সভাসমূহ নিয়মিত আয়োজন করতে হবে এবং

ঘ. প্রকল্পের এএমএস ডাটাবেজ/আইবাস ++ আপডেট করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, পরিকল্পনা ১ শাখা

## ৩.২ Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in the Bangladesh RMG Industry প্রকল্প:

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৬ হতে জুন ২০২১ মেয়াদে আইএলও কর্তৃক মন্ত্রণালয়ের আইও অনুবিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ) এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ৪৬৮.৮৮ লক্ষ টাকা অবমুক্তি ও ব্যয় হয়েছে, যা বরাদ্দের ২৪.৬৭%। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫২৭৪.৮৮ লক্ষ টাকা। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭৯.৯%। যুগ্মসচিব (আইও) সভায় জানান যে, প্রকল্পের মূল উদ্দেশ্য পোষাক শিল্প সেক্টরে শিল্প সম্পর্ক উন্নয়ন করা। তিনি সভাকে আরো জানান যে, প্রকল্প সংশোধন ও মেয়াদবৃদ্ধির জন্য প্রকল্পের সংশোধিত টিএপিপি গত ১৮/১২/২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের টিএপিপি-তে নির্ধারিত কমিটিসমূহের সভা যথাসময়ে আহ্বান এবং এমমএস ডাটাবেজ/আইবাস ++ আপডেট রাখার বিষয়ে সভায় আলোকপাত করা হয়।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির সংশোধিত টিএপিপি দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে;

খ. PAC এবং PCC কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে;

গ. এমমএস ডাটাবেজ/আইবাস ++ আপডেট রাখতে হবে এবং

ঘ. কর্মপরিকল্পনা অনুযায়ী বর্ধিত সময়ে প্রকল্প কাজ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও

## ৩.৩ Improving Working Conditions in the RMG Sector (RMGP-2) প্রকল্প:

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২০৩৫৮.৩৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ১০০২.৩০ লক্ষ টাকা অর্থছাড় এবং ব্যয় হয়েছে, যা বরাদ্দের ২৬.২১%। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪৭০৯.০২ লক্ষ টাকা। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৭২.২৫%। যুগ্মসচিব (আইও) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করে জানান যে, প্রকল্পটির মূল উদ্দেশ্য পোষাক শিল্প সেক্টরে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণ । প্রকল্পের টিএপিপি-তে নির্ধারিত কমিটিসমূহের সভা যথাসময়ে আহ্বান এবং এমমএস ডাটাবেজ/আইবাস ++ আপডেট রাখা এবং কর্মপরিকল্পনা অনুযায়ী সুষ্ঠভাবে প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের Project Advisory Committee (PAC) সভা নিয়মিত আয়োজন করতে হবে;

খ. এএমএস ডাটাবেজ ও আইবাস ++ আপডেট রাখতে হবে এবং

গ. কর্মপরিকল্পনা অনুযায়ী বর্ধিত সময়ে প্রকল্প কাজ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও

**৩.৪ রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী):**
সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। । প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা (এসকেএস) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১২০০.০০লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ৬০০.০০ লক্ষ টাকা অর্থ অবমুক্ত এবং ০.১৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫০০২.০৬ লক্ষ টাকা (আর্থিক: ৮১.০৮%ও ভৌত: ৯৫%)। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অবশিষ্ট (৩য়+৪র্থ কিস্তি) বাবদ ৬.০০ কোটি টাকা অবমুক্তির জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরোও জানান প্রকল্পটি সম্প্রতি মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন। প্রকল্পের অবশিষ্ট ৩য় ও ৪র্থ কিস্তির অর্থছাড় করা হলে যথাসময়ে বিলপরিশোধ করে প্রকল্প কাজ সমাপ্ত করা হবে। অর্থছাড় বিষয়ে সভায় অর্থ বিভাগের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়। প্রকল্প পরিচালক সভাকে আরো জানান যে, প্রকল্পের পিসিআর তৈরির কাজ চলমান রয়েছে, অডিট সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং এএমএস ডাটাবেজ ও আইবাস++ আপডেট করা হয়েছে। প্রকল্পটি সফলভাবে সমাপ্তির জন্য প্রকল্প পরিচালককে ধন্যবাদ জানানো হয় । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
**৩.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্পের অর্থ অবমুক্তি ও বিল পরিশোধের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
খ. দ্রুত সময়ের মধ্যে প্রকল্পের পিসিআর প্রেরণ করতে হবে এবং
গ. দ্রুত প্রকল্পটির অডিট সম্পন্ন করতে হবে।
বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

**৩.৫ নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে মহিলা হোস্টেল এবং শ্রম কল্যান কেন্দ্র নির্মান প্রকল্প (১ম সংশোধিত):**
সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যান সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ২০৭.৫০ লক্ষ টাকা অর্থ ছাড় এবং ০.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ০.০৪%। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯৩৩৮.৮২ লক্ষ টাকা (আর্থিক: ৮১.৯১%, ভৌত: ৮৭%)। প্রকল্পটির নারায়নগঞ্জ অংশের কাজ যথাসময়ে শেষ করা সম্ভব হলেও চট্টগ্রাম কালুরঘাট অংশের কাজ সম্পূর্ণ করার জন্য আরো ০৬ মাস সময় প্রয়োজন মর্মে সভাকে জানানো হয়। প্রকল্পটির অনুকূলে ইতিমধ্যে প্রয়োজনীয় ১৬৩৯.৩২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রকল্পটি অসমাপ্ত কাজ সমাপ্ত করতে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০৬ মাস বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।
**৩.৫.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
খ. প্রকল্পটির মেয়াদ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০৬ মাস বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

**৩.৬ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:**
সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন এবং প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয়

১৬৫২৮.৩৩ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা (আর্থিক: ৩৫% এবং ভৌত: ৫৫%)। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০২ জানুয়ারি, ২০২২ তারিখ ভবনের তৃতীয় তলা ছাদ ঢালাই সম্পন্ন হবে। প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে প্রকল্পটির কাজ যথাশীঘ্র সম্ভব সম্পন্ন করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**৩.৬.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য প্রয়োজনীয় যোগাযোগ অব্যহত রাখতে হবে।

খ) প্রকল্পের চলমান অগ্রগতি বজায় রেখে প্রকল্প কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

**৩.৭ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৯৪৩.৮৬ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। তার বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ১৩০৩.৭৪ লক্ষ টাকা অবমুক্ত এবং ২৯৩.২৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যা বরাদ্দের ১০.৯২%। প্রকল্পটির নভেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৮৬৯.১৯ লক্ষ টাকা এবং ভৌত অগ্রগতি ১৯.৮১%। প্রকল্পের ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ৩১/১০/২০২১ তারিখে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। কিন্তু বাস্তব কারনে প্রকল্প কাজ আগামী ০১ বছর মেয়াদে সম্পন্ন করা। সেজন্য বিধিমোতাবেক মন্ত্রণালয় পর্যায়ে প্রকল্পটির ১৫% এর মধ্যে সংশোধন এবং মেয়াদ ০১ বছর বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রকল্প পরিচালক অনুরোধ করেন। তিনি জানান ইতিমধ্যে প্রস্তুতি গ্রহণ করা হয়েছে এবং এতে প্রকল্পের ডিপিপি সংশোধনে ০৮ % পর্যন্ত ব্যয় বৃদ্ধি হতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**৩.৭.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ ডিপিপি সংশোধনের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে;

খ) প্রকল্পের আইবাস++ ও এএমএস ডাটাবেজ হালনাগাদ করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

**৩.৮ রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারেক্টিভ একশন প্লান (ক্যাপ) বাস্তবায়ন প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৪১২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ২০৪.০০ লক্ষ টাকা অর্থছাড় এবং ১৩৬.৪৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৩৩.১২%। নভেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১৮০২.৯৩ লক্ষ টাকা যার ভৌত অগ্রগতি ৯৫%। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকুলে ২০৮.০০ লক্ষ টাকা সর্মপণ প্রয়োজন এবং এ প্রকল্পের অনুকূলে সর্মপণকৃত অর্থ অন্য প্রকল্পে উপযোজনের বিষয়ে সভায় আলোকপাত করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) অব্যায়িত অর্থ দ্রুত সমর্পন করার বিষয়ে তাগিদ দেন। প্রকল্পটির পিসিআর দ্রুত প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৩.৮.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির পিসিআর যথাসময়ে দাখিল করতে হবে।

খ. অব্যয়িত অর্থ দ্রুত সমর্পণ করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক

**৩.৯ নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প:**

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা। ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৬৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে নভেম্বর, ২০২১ পর্যন্ত ৮২১.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ৭৫৪.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ৪৬.০৬%। প্রকল্পটির নভেম্বর/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ২০২১.২৯ লক্ষ টাকা। ভৌত অগ্রগতি ৫৬.০৮%। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে , প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত হবে। অডিট সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যথাসময়ে পিসিআর প্রেরণ করা হবে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

**৩.৯.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে;

খ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং

গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করতে হবে।

বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।

**০৪. এডিপিভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প:**

সভায় জানানো হয় ২০২১-২২ অর্থ বছরে এডিপি তে সুপারিশকৃত অননুমোদিত নতুন ০৭ টি প্রকল্প রয়েছে। এর মধ্যে ০৩ টি শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত এবং ০৪ টি ডাইফ কর্তৃক প্রস্তাবিত। এ প্রকল্পগুলোর মধ্যে ০৪টি উচ্চ অগ্রাধিকার এবং ০৩ টি মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প। এছাড়া পিপিপির আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ০২ টি প্রকল্প রয়েছে। প্রকল্পগুলো নিম্নরূপ:

শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৩ টি :

১। শ্রম অধিদপ্তরের আওতাধীন টঙ্গী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকায়ন’ প্রকল্প।

২। শ্রম অধিদপ্তরাধীন খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল আধুনিক শ্রম ভবন নির্মাণ প্রকল্প।

৩। বঙ্গবন্ধু জাতীয় শ্রম উন্নয়ন ইনস্টিটিউট নির্মান প্রকল্প।

ডাইফ কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৪ টি:

১। লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) শীর্ষক প্রকল্প।

২। ঝুঁকিপূর্ণ কারখানার দুর্ঘটনা হ্রাসকরণ প্রকল্প।

৩। কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প।

৪। পেশাগত ব্যাধি প্রতিরোধ কর্মসূচি, চিকিৎসা ও ক্ষতিপূরণ শীর্ষক প্রকল্প।

পিপিপি’র আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত প্রকল্প ০২ টি:

১। চৌমুহনী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ” শীর্ষক প্রকল্প।

২। “ঘোড়াশাল শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ” শীর্ষক প্রকল্প।

**৪.১ সিদ্ধান্ত:** প্রকল্পসমূহের ডিপিপি দ্রুত প্রেরণ এবং এএমএস ডাটাবেজে এন্ট্রির মাধ্যমে আরএডিপি-তে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: অধিদপ্তরের উন্নয়ন/পরিকল্পনা শাখা।

**০৫. সমাপ্ত প্রকল্পসমূহের পিসিআর প্রদান :**

শ্রম অধিদপ্তর আওতাধীন ০৬টি জেলা কার্যালয় পুনর্নির্মাণ প্রকল্প এবং শ্রম ভবন নির্মান প্রকল্প এবং আইএলও কর্তৃক

বাস্তবায়িত EIIS প্রকল্প, জিআইজেড কর্তৃক বাস্তবায়িত EIPS প্রকল্পের পিসিআর প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। আইএমইডি হতে উক্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণ এবং ত্রুটিপূর্ণ পিসিআর সংশোধনপূর্বক প্রেরণের জন্য পত্র প্রদান করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। সভাপতি উক্ত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

৫.১ **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. শ্রম অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে এবং

খ. আইএলও/জিআইজেড কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের সংশোধিত পিসিআর দ্রুত প্রেরণ করতে হবে।

**০৬. ২০২১-২২ অর্থবছরের সংশোধিত এডিপি প্রণয়নঃ**

সভায় জানানো হয় ২০২১-২২ অর্থবছরের সংশোধিত এডিপি প্রণয়নের লক্ষ্যে কার্যক্রম বিভাগ হতে নির্দেশনা জারী করা হয়েছে। জারীকৃত নির্দেশনার আলোকে অনুসৃতব্য সময়সূচি আগামী ০৯/০১/২২ তারিখে এর মধ্যে এজেন্সি হতে মন্ত্রণালয়, ১৩/০১/২০২২ তারিখের মধ্যে মন্তণালয় হতে সেক্টরে এবং ১৬/০১/২০২২ তারিখের মধ্যে সেক্টর হতে কার্যক্রম বিভাগে প্রকল্পসমূহের সংশোধনী প্রস্তাব প্রেরণ নিশ্চিতকরণে সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করে। প্রস্তাবসমূহ কার্যক্রম বিভাগ কর্তৃক পরিচালিত এএমএস ডাটাবেজ (http://adp.plancomm.gov.bd) এর মাধ্যমে সঠিকভাবে প্রেরণের বিষয়ে সভায় আলোকপাত করা হয়।

০৭. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

বেগম মন্নুজান সুফিয়ান
প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৯.১৪.০০২.২১.১

তারিখ: ৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন।
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৭) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮) নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
৯) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
১০) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১) অতিরিক্ত সচিব (আইও), রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৩) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
১৪) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, , বিজয় নগর, ঢাকা।

১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৬) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৭) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
১৮) প্রকল্প পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর, ঢাকা।
১৯) যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২০) যুগ্ম মহাপরিদর্শক, সেফটি শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজয় নগর, ঢাকা।
২১) প্রকল্প পরিচালক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন শীর্ষক (NOSHTRI) প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২২) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২৩) প্রকল্প পরিচালক, নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিকেল কারখানার কাঠামো, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি সংক্রান্ত প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২৪) প্রকল্প পরিচালক, রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ বাস্তবায়ন প্রকল্প, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
২৫) জনাব মোঃ মনোয়ার হোসেন, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), "ঝুকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়)" প্রকল্প, মহাখালী, ঢাকা।
২৬) সিনিয়র সহকারী সচিব, আর্ন্তজাতিক সংস্থা শাখা-১, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২৭) জনাব মোঃ আরেফিন তালুকদার, কর্ণেল (প্রকল্প পরিচালক), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।
২৮) জনাব মোঃ রাশীদুল আলম, লে. কর্ণেল (অব:), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।
২৯) Mr. Md. Saidul Islam, Sr. Program Officer, ILO , Dhaka.
৩০) Mr. Masumul Alam, Program Officer (OSH), ILO Head office , Dhaka.
৩১) Mr. Mansur Asad, PO , ILO Head office, Dhaka.
৩২) STA, EIPS Project , GIZ , Ghulshan 1 , Dhaka 1212.
৩৩) জনাব আফরোজা বেগম,, সিএএফও , সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩৪) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৩৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব